



ঢামেকে একসঙ্গে জন্ম নেয়া ছয় শিশুর মধ্যে পাঁচজনের মৃত্যু



সংগৃহীত ছবি

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে (ঢামেক) একসঙ্গে জন্ম নেয়া ছয় নবজাতকের মধ্যে পাঁচজন মারা গেছে। মাত্র ২৭ সপ্তাহে জন্ম নেওয়া এসব শিশুর ওজন ছিল স্বাভাবিকের তুলনায় অনেক কম। বর্তমানে একজন নবজাতক চিকিৎসাসাধীন, আর মা মোকসেদা আক্তার প্রিয়া রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে ভর্তি আছেন। রাজধানীর ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে একসঙ্গে জন্ম নেয়া ছয় নবজাতকের মধ্যে পাঁচজন মারা গেছে। সর্বশেষ আজ সোমবার (১৫ সেপ্টেম্বর) দুপুরে নবজাতক নিবিড় পরিচর্যা কেন্দ্রে (এনআইসিইউ) চিকিৎসাসাধীন অবস্থায় আরও একজনের মৃত্যু হয়।

শিশুদের স্বজন বাবুল মিয়া জানান, পাঁচজন নবজাতক মারা যাওয়ার পর তাদের আজিমপুর কবরস্থানে দাফন করা হয়েছে। বর্তমানে জীবিত থাকা একটি নবজাতক এখনও চিকিৎসাসাধীন। এদিকে, মা মোকসেদা আক্তার প্রিয়া (২৩) আজ সকালে ঢামেক হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়ে রাজধানীর কাঁটাবনের একটি বেসরকারি হাসপাতালে ভর্তি হয়েছেন। এর আগে, রোববার (১৪ সেপ্টেম্বর) রাত ৩টার দিকে কাঁটাবনের একটি বেসরকারি হাসপাতালে এক কন্যাশিশুর মৃত্যু হয়। একইদিন সকালে ও সন্ধ্যায় ঢামেক হাসপাতালে আরও দুটি নবজাতক মারা যায়। সোমবার সকাল সাড়ে ১০টার দিকে এনআইসিইউতে চিকিৎসাসাধীন আরও দুই শিশুর মৃত্যু হয়।

উল্লেখ্য, রোববার সকালে নোয়াখালীর সেনবাগ উপজেলার মোকসেদা আক্তার প্রিয়া ঢামেক হাসপাতালের গাইনি বিভাগে স্বাভাবিক প্রসবের মাধ্যমে তিন ছেলে ও তিন মেয়ের জন্ম দেন। তবে চিকিৎসকদের ভাষ্যে, মাত্র ২৭ সপ্তাহে সময়ের আগে জন্ম নেওয়া এবং জন্মের সময় নবজাতকদের ওজন স্বাভাবিকের তুলনায় অনেক কম থাকায় তাদের অবস্থা ছিল সংকটাপন্ন।